

ওমরাহ ভিসার অপব্যবহার নিয়ে সতর্কতা সৌদি আরবের

- A Monitor Desk Report

Date: 17 April, 2024



ধর্মীয় উদ্দেশ্য ছাড়া কর্মসংস্থানের জন্য ওমরাহ ভিসার অপব্যবহার নিয়ে সতর্কতা জারি করেছে সৌদি আরবের হজ ও ওমরাহ-বিষয়ক মন্ত্রণালয়। এর মধ্য দিয়ে ওমরাহ ভিসার অপব্যবহারের বিরুদ্ধে কঠোর হাঁশিয়ারি দিয়েছে দেশটি।

ভিসার নির্দিষ্ট প্রবিধানগুলো মেনে চলার গুরুত্বের ওপর জোর দিয়েছে মন্ত্রণালয়। তারা স্পষ্ট করে জানিয়েছে, ওমরাহ পালনের লক্ষ্যে ইস্যু করা ভিসাগুলো কর্মসংস্থানের উদ্দেশ্যে বা এ সম্পর্কে ক্রিয়াকলাপের জন্য ব্যবহার করা উচিত নয়।

সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে নিজেদের অফিশিয়াল অ্যাকাউন্টে পোস্ট করা এক বিবৃতিতে মন্ত্রণালয় বলেছে, ওমরাহ পালনের ধর্মীয় উদ্দেশ্যে যথাযথভাবে পূরণের ওপর জোর দিতে হবে।

বিবৃতিতে ওমরাহ ভিসাধারী মুসল্লিদের ভিসার মেয়াদ শেষ হওয়ার আগেই দেশ থেকে চলে যাওয়ার পরামর্শ দেয়া হয়েছে এবং কর্মসংস্থানের উদ্দেশ্যে এই ভিসা ব্যবহার করার যেকোনো প্রচেষ্টার বিরুদ্ধে সতর্কতা জারি করা হয়েছে।

সৌদি আরবে ওমরাহ পালনের নামে অবৈধভাবে দীর্ঘদিন অবস্থান এবং এই ভিসাকে অন্য উদ্দেশ্যে অপব্যবহারের অনেক অভিযোগের প্রেক্ষাপটে এমন সতর্কতামূলক নির্দেশনা জারি করা হয়েছে।

এছাড়া ওমরাহ ভিসার মেয়াদে পরিবর্তন এনেছে দেশটির সরকার। হজ ও ওমরাহ মন্ত্রণালয় জানিয়েছে, আগে ওমরাহ ভিসার ৯০ দিন মেয়াদ গণনা শুরু হতো সৌদি আরবে প্রবেশের পর। কিন্তু এখন থেকে এই নিয়মের পরিবর্তে ভিসা ইস্যুর দিন থেকে ৯০ দিন দেশটিতে অবস্থানের অনুমতি দেয়া হয়েছে।

মন্ত্রণালয় আরও জানিয়েছে, ওমরাহ ভিসার মেয়াদ ১৫ জিলকদ উত্তীর্ণ হবে। এর আগে ওমরাহ ভিসার মেয়াদ থাকত ২৯ জিলকদ পর্যন্ত।

মন্ত্রণালয় স্পষ্ট করে বলেছে, ওমরাহ ভিসা ইস্যু হওয়ার তারিখ থেকে তিন মাস মেয়াদ থাকবে এবং তা ১৫ জিলকদের মধ্যেই শেষ হতে হবে। পবিত্র শহর মক্কা ও মদিনায় হজযাত্রীদের চলাচল নির্বিঘ্ন করতে সৌদি আরবের হজ ও ওমরাহ মন্ত্রণালয় এবং পররাষ্ট্র মন্ত্রণালয়ের সমন্বয়ে এই সিদ্ধান্ত নেয়া হয়েছে।

উল্লেখ্য, বছরের যেকোনো সময় ওমরাহ পালন করা যায়। ওমরাহ করতে গিয়েও পবিত্র কাবা শরিফসহ অন্যান্য ঐতিহাসিক অবকাঠামো দেখার সুযোগ পান মুসল্লিরা।

-B